

## ■ সহীহ ইবনু হিবান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৪৩৮

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি ধারণা করে যে, এই হাদীসটি সিমাক বিন হারব এককভাবে বর্ণনা করেছেন এবং তার মারফু বর্ণনা সঠিক নয়- তার কথা অপনোদনকারী হাদীস

ذَكَرَ الْخَبَرُ الْمَدْحُضُ قَوْلُ مَنْ زَعَمَ أَنَّ هَذَا الْخَبَرُ تَفَرَّدَ بِهِ سِمَاكُ بْنُ حَرْبٍ وَأَنَّ رَفْعَهُ غَيْرُ مَحْفُوظٍ فِيمَا زَعَمَ

আরবী

3438 - أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ عَبْدِ الرَّحْمَنِ السَّمَرْقَنْدِيُّ

قَالَ: حَدَّثَنَا مَرْوَانُ بْنُ مُحَمَّدٍ عَنْ أَبِيهِ وَهُبَّ عَنْ يَحْيَى بْنِ عَبْدِ اللَّهِ بْنِ سَالِمٍ عَنْ أَبِيهِ بَكْرٍ بْنِ نَافِعٍ عَنْ أَبِيهِ: عَنْ أَبِنِ عُمَرَ قَالَ: تَرَاءَى النَّاسُ الْهِلَالَ فَرَأَيْتُهُ فَأَخْبَرْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَصَامَ وَأَمْرَ النَّاسَ بِصِيَامِهِ

الراوي : ابن عمر | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3438 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود))  
. (908) ، ((الإرواء)) (2028)

বাংলা

৩৪৩৮. আব্দুল্লাহ বিন উমার রাষ্ট্রিয়াল্লাহ আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “লোকজন নতুন চাঁদ দেখার চেষ্টা করছিলেন। অতঃপর আমি সেটা দেখতে পাই। অতঃপর আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে অবহিত করি। তখন তিনি নিজে সিয়াম রাখেন এবং লোকদেরকেও সিয়াম রাখার নির্দেশ দেন।”[1]

ফুটনোট

[1] দারেমী: ২/৪; আবু দাউদ: ২৩৪২; সুনান বাইহাকী: ৪/২১২; দারাকুতনী: ২/১৫৬।

আল্লামা শুআব আল আরনাউত রহিমাল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুল্লাহ

আলবানী রাহিমাত্তুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ২০২৮)

হাদিসের মান: সহীহ (Sahih) পুঁজিনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=92772>

৬ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন